‘গেন্দা ফুল’ গানের গীতিকারকে ৫ লাখ রুপি সহায়তা প্রদান

সম্প্রতি সনি মিউজিক ইন্ডিয়া থেকে প্রকাশ পেয়েছে সঙ্গীতশিল্পী বাদশার গাওয়া ‘গেন্দা ফুল’ শিরোনামের একটি গান। সেই গানের ভিডিওতে মডেল হয়েছেন বলিউড অভিনেত্রী জ্যাকলিন ফার্নান্দেজ। গানটি দর্শক-শ্রোতাদের কাছে জনপ্রিয়তা পেয়েছে।

কিন্তু ‘বড়লোকের বিটি লো’ গানটির মূল গীতিকার হলেন রতন কাহার। তবে তার নামটি পর্যন্ত নেই প্রকাশিত মিউজিক ভিডিওতে। এতে অনেক বিতর্ক তৈরি হয়। অবশেষে সব বিতর্ককে পেছনে ফেলে দরিদ্র গীতিকার রতন কাহারের পাশে দাঁড়ালেন বাদশাহ। ভারতে লকডাউনের সময়েই তিনি রতন কাহারকে অর্থ সাহায্য পাঠালেন।

জানা গেছে, ৬ এপ্রিল রতন কাহারের অ্যাকাউন্টে পাঁচ লাখ রুপি সহায়তা পাঠিয়েছে বাদশাহর টিম। টাকা পেয়ে খুশি প্রবীণ এ গীতকার ও সঙ্গীতশিল্পী। ফোনে তিনি ধন্যবাদও জানিয়েছেন র্যাপারকে।
শুধু তাই নয়, লকডাউন কেটে গেলে বাদশাহকে সিউড়ির বাড়িতে আসার আমন্ত্রণও জানিয়েছেন রতন কাহার।

কয়েক দিন আগে রতন কাহারের ‘গেন্দা ফুল’ গানটি ‘চুরি’র অভিযোগে সোশ্যাল মিডিয়ায় চরম ট্রোলের শিকার হতে হয়েছিল বাদশাকে। বাদশার ‘গেন্দা ফুল’-এ ব্যবহৃত শব্দ নিয়েও আপত্তি জানিয়েছিলেন নেটাগরিকদের একাংশ।

এর পরেই সোশ্যাল মিডিয়ায় একটি লাইভ ভিডিওর মাধ্যমে রতন কাহারের উদ্দেশে বাদশা বলেন, ‘আমি ওই গান রচয়িতার নাম খোঁজার চেষ্টা করেছি অনেক। কিন্তু খুঁজে পাইনি। ২৬ মার্চ আমি জেনেছি রতন কাহারের নাম। আমি জানি উনি একজন মহান শিল্পী। শুনেছি তার অর্থনৈতিক অবস্থাও ভাল নয়। আমি তাকে সম্মান দিয়ে সাহায্য করতে চাই।’ সেই লাইভে দেয়া কথা রাখলেন তিনি।

এদিকে, প্রথমে বাদশাহর উপর ক্ষুব্ধ হলেও তার এই আচরণে সন্তোষ প্রকাশ করেছেন অনেকেই।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

আতিফের সুমধুর আজানে ভক্তদের চোখে পানি (ভিডিওসহ)

চলতি সময়ে অধিকাংশ মানুষের ওপর বৈশ্বিক মহামারী করোনাভাইরাসের প্রভাব পড়ছে। এখন পর্যন্ত ৭৪ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে এই ভাইরাসে। আক্রান্ত হয়েছেন ১৩ লাখ ৪৭ হাজারের মতো।

এই কঠিন সময়ে এক অভূতপূর্ব সহায়তার আহ্বান জানিয়েছেন পাকিস্তানি সঙ্গীতশিল্পী আতিফ আসলাম। নিজে আজান দিয়ে তা রেকর্ড করে ইনস্টাগ্রামে আপলোড করেছেন তিনি।

সঙ্গে উর্দুভাষায় সাবটাইটেলও দিয়েছেন এই শিল্পী। তার আজানের সৌন্দর্য অস্বীকার করার যেমন উপায় নেই, তেমন সামাজিকমাধ্যমেও তা ঝড় তুলেছে।

ভক্তরা জানিয়েছেন, আতিফের কণ্ঠে আজান শুনে তাদের চোখে পানি এসে গেছে। অস্থিরতা অনুভব করেছেন।-খবর ডন

আজান শুনে মুগ্ধ হয়ে সেই অনুভূতি জানিয়েছেন ভক্তরা। বাজগা নাঈম নামের একজন বলেন, মানুষকে অভিভূত করতে আতিফ কখনো ব্যর্থ হননি। তার এই আজানের ধ্বনি আমার অন্তরে গিয়ে লেগেছে। আল্লাহ আমাদের সবাইকে নিরাপদ রাখুন।

টুইটারে ড্রিম গার্ল নামে একজন লিখেছেন, আতিফ আসলাম সুমধুর কণ্ঠে আজান দিয়েছেন, যাতে আমি কান্না ধরে রাখতে পারিনি। তার আজান আমার হৃদয় ছুঁয়ে গেছে।

আর সাঈদ রাফি নামের একজন বলেন, আতিফের প্রতিটি গান আমি শুনেছি।

কিন্তু আজানের মতো এমন মধুর কণ্ঠ তার কোনো গানে আমি শুনিনি।

করোনাভাইরাস মহামারী শুরু হওয়ার পর থেকেই সামাজিকমাধ্যমে সরব হতে দেখা গেছে এই বলিউড শিল্পীকে। এই কঠিন সময়ে তিনি মানুষকে দান করতেও উৎসাহিত করছেন।

https://youtu.be/qcHGssAECkA?t=27

সুত্র-যুগান্তর

লকডাউনে সুস্থ থাকার উপায়

মহামারি করোনাভাইরাস তাণ্ডব চালাচ্ছে বিশ্বজুড়ে। দেশে দেশে চলছে লকডাউন৷ সংক্রমণ ঠেকাতে সবাইকে বলা হচ্ছে বাসায় থাকতে৷ কিন্তু এই অবস্থায় শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকার উপায় কী?

১) দিনের নিয়ম ঠিক রাখুন

বাসায় বসে অফিস করুন, বা ছুটিই কাটান, স্বাভাবিক নিয়ম থেকে বের হয়ে গেলে শরীর-মনে তার বাজে প্রভাব পড়তে পারে৷ ফলে শরীরের ঘড়ি ঠিক রাখার জন্য সঠিক সময়ে ঘুম থেকে ওঠা, গোসল করা, খাওয়া খুবই গুরুত্বপূর্ণ৷

২) সুষম খাবার খান

এই সময়ে কেবল শারীরিক নয়, মানসিকভাবেও চাঙ্গা থাকা দরকার৷ তাই শুধু সুস্বাদু নয়, বরং শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সক্ষম, এমন খাবার বেশি করে খান৷

৩) ঘুমের ওপর গুরুত্ব দিন

বাসার বাইরে যেতে হচ্ছে না বলেই ইচ্ছে মতো রাত জাগা বা দেরি করে ওঠা আপনাকে বিধ্বস্ত করে দিতে পারে৷ ফলে ঠিক সময়ে ঘুমাতে যান, ঠিক সময়ে উঠুন৷ ঘুম যাতে পর্যাপ্ত হয়, সেদিকে বিশেষ নজর দিন৷

৪) ব্যায়াম করুন

বাসার বাইরে বের না হওয়া মানে স্বাভাবিক হাঁটাচলাও বন্ধ হয়ে যাওয়া৷ ফলে বাসাতেই ফ্রি হ্যান্ড ব্যায়াম করে নিন৷ প্রয়োজনে ইউটিউবের সাহায্য নিয়ে নতুন কিছু যোগাসনও শিখে নিতে পারেন৷ এতে শরীর থাকবে চাঙ্গা, মন থাকবে ফুরফুরে৷

৫) বিকল্প সামাজিক যোগাযোগ

বাইরে গিয়ে সশরীরে বন্ধুদের সঙ্গে যোগাযোগ করতে না পারলেও অনলাইনেই বন্ধুদের সঙ্গে জমিয়ে আড্ডা দিন৷ তথ্যপ্রযুক্তির এই যুগে আমরা এমনিতেই অনেক বেশি পরস্পরের সঙ্গে ইন্টারনেটের মাধ্যমে সংযুক্ত৷ এর পুরো সুবিধা নেয়ার সময় এখনই৷

৬) শখের সময়

অনেকের অনেক ধরনের শখ থাকে৷ কেউ বাগান করতে পছন্দ করেন, কেউ গান গাইতে, কেউ ছবি আঁকতে৷ এ সময়ে নিজেকে আরো ঝালিয়ে নিন৷ লকডাউন শেষ হতে হতে হয়তো আপনি দক্ষ শিল্পী হয়ে উঠতে পারেন৷

সূত্র- ডি ডব্লিউ।

করোনা আক্রান্ত গায়িকার নৈশপার্টিতে গিয়ে আইসোলেশনে ২ এমপি

প্রাণঘাতী এই ভাইরাসে প্রথম আক্রান্ত হয়েছেন বলিউডের ‘বেবি ডল’ খ্যাত গায়িকা কণিকা কাপুর। আর তার সংস্পর্শে এসে স্বেচ্ছায় কোয়ারেন্টিনে গেছেন তিন রাজনীতিবিদ।

তারা হলেন- রাজস্থানের সাবেক মুখ্যমন্ত্রী বসুন্ধরা রাজে ও তার পুত্র বিজেপি সংসদ সদস্য দুষ্মন্ত সিংহ ও তৃণমূল এমপি ডেরেক ও’ব্রায়েন।

জানা গেছে, গত ১৫ মার্চ লন্ডন থেকে লখনৌতে নিজের অ্যাপার্টমেন্টে আসেন গায়িকা কণিকা। বিমানবন্দর কর্তৃপক্ষের কাছেও তিনি কোনো রকম পরীক্ষা-নিরীক্ষা করাতে অস্বীকার করেন এবং তার লন্ডন ভ্রমণের কথা চেপেও যান।

শুধু তাই নয়, ওই দিনই একটি পাঁচ তারকা হোটেলে ঘনিষ্ঠ বন্ধুবান্ধবদের নিয়ে পার্টিরও আয়োজন করেছিলেন কণিকা। কণিকার বন্ধুরা ছাড়াও ওই পার্টিতে উপস্থিত ছিলেন রাজনৈতিক ব্যক্তিত্ব ও উচ্চপদস্থ আমলারা।

এনডিটিভি জানিয়েছে, লখনৌতে ওই নৈশভোজে অংশ নিয়েছিলেন বিজেপির বসুন্ধরা রাজে ও তার পুত্র সাংসদ দুষ্মন্ত সিংহ। কণিকার করোনা আক্রান্ত হওয়ার খবর শুনে তৎপর হয়ে উঠেছেন তারা।

সুন্ধরা রাজে টুইট করে লেখেন, ‘লখনৌয়ে থাকাকালীন আমি একটি নৈশভোজে অংশ নিই আমার ছেলে দুষ্মন্ত ও তার শ্বশুরবাড়ির লোকের সঙ্গে। কণিকা দুর্ভাগ্যজনক ভাবে করোনা আক্রান্ত হয়েছে। ও একজন অতিথি ছিল। সাবধানতা অবলম্বন করতে আমার ছেলে ও আমি তৎক্ষণাৎ নিজেদের কোয়ারান্টাইন করে রাখি। এবং আমরা অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ করেছি।’

পার্টির পরে সংসদেও যান দুষ্মন্ত। এরপর ক্ষুব্ধ ডেরেক ও‘ব্রায়েন টুইট করে এ বিষয়ে ক্ষোভ প্রকাশ করেন। তিনি আগেই করোনা সংক্রমণের পরিস্থিতিতে সংসদ লকডাউন করার আর্জি জানিয়েছিলেন। তিনি নিজে কোয়ারেন্টিনের চলে যান।

ডেরেক টুইট করে লেখেন, ‘সরকার আমাদের সব রকম ঝুঁকিতে ফেলে দিয়েছে। প্রধানমন্ত্রী নিজেকে ঘরবন্দি করার আর্জি জানিয়েছেন। অথচ সংসদ চলছে। আমি অন্যদিন আড়াই ঘণ্টা দুষ্মন্তর পাশেই বসেছিলাম। আরও দুই সাংসদ আইসোলেশনে চলে গিয়েছেন। অধিবেশন বন্ধ করে দেয়া হোক।’

তবে কণিকা কাপুর সংবাদমাধ্যমের রিপোর্টকে অস্বীকার করেছেন। তিনি জানান, তিনি ওই পার্টি আয়োজন করেননি। কিন্তু তিনি লখনৌতে এক জমায়েতে ছিলেন, যেখানে অনেক বিখ্যাত ব্যক্তিত্বরা ছিলেন। সেখানে ছিলেন মন্ত্রী ও আমলারা। কোনো কোনো প্রতিবেদনের দাবি, সেখানে প্রায় ২০০ ব্যক্তি উপস্থিত ছিলেন।

কণিকা জানান, মুম্বাই বিমানবন্দরে তাকে স্ক্রিনিং করা হলেও তার

শরীরে করোনা সংক্রমণের কোনো চিহ্ন ধরা পড়েনি। কণিকা ইনস্টাগ্রামে মেসেজ করে জানিয়েছেন, তিনি লখনৌতে কিং জর্জেস মেডিকেল বিশ্ববিদ্যালয়ে আইসোলেশনে গিয়েছেন। তার শরীরে করোনা সংক্রমণ ধরা পড়ার পর কণিকার বাবা-মাকেও আইসোলেশনে রাখা হয়েছে।

গায়িকা পোস্টে লেখেন, গত চার দিন ধরে তার শরীরে ফ্লুয়ের লক্ষণ দেখা যাওয়ার পর তিনি পরীক্ষা করান এবং তখন তার শরীরে করোনা সংক্রমণ ধরা পড়ে। তার পরিবার এবং তিনি এখন কোয়ারেন্টিনে রয়েছেন বলে জানিয়েছেন কণিকা।

সুত্র-যুগান্তর

দেবের সঙ্গে শুটিং শেষে কোয়ারেন্টিনে মিতু

বিনোদন ডেস্ক
২০ মার্চ ২০২০, ১৫:৫২ | অনলাইন সংস্করণ

দেবের সঙ্গে শুটিং শেষে কোয়ারেন্টিনে মিতু
জাহান মিতু। ফাইল ছবি
জনপ্রিয় অভিনেত্রী জাহারা মিতু স্বেচ্ছা কোয়ারেন্টিনে গেছেন। টালিউডের জনপ্রিয় নায়ক দেবের সঙ্গে শুটিং শেষে বাসায় ফিরেই কোয়রেন্টিনে যাওয়ার সিদ্ধান্ত নেন এই নায়িকা।

কলকাতায় টানা ১৭ দিন ছিলেন মিতু। এরমধ্যে দিন সাতেক শুটিং করেছেন ‘কমান্ডো’ ছবির, যেখানে তার নায়ক দেব। শুটিং বন্ধ হয়ে যাওয়ায় বুধবার দুপুরে দেশে ফিরেন এই নায়িকা। ফিরেই স্বেচ্ছায় তিনি তার উত্তরায় বাসায় কোয়ারেন্টাইনে আছেন।

এ বিষয়ে জাহারা মিতু জানান, ৩১ মার্চ পর্যন্ত কলকাতায় সব শুটিং বন্ধ। লম্বা এ সময়টা ওখানে থাকাটা ব্যয়বহুল। সেজন্য দেশে ফিরে এসেছেন। এসেই তিনি কোয়ারেন্টাইনে গেছেন। দরজার বাইরে খাবার দিয়ে যাচ্ছে সেগুলো খাচ্ছি।

মিতু জানান, কলকাতা শহরের বিভিন্ন লোকেশন ও স্টুডিওতে দেবের সঙ্গে শুটিং করেছেন। কলকাতার বাইরে বোলপুরে শুটিংয়ের কথা থাকলেও বাতিল হয়। ৩১ মার্চের পর পরবর্তী শুটিং নিয়ে ভাবা হবে। তিনি বলেন, চলতি মাসের শুরুতে যখন কলকাতায় যাই তখন করোনা নিয়ে কোনো আতঙ্ক ছিল না। সরকারিভাবে যখন ঘোষণা দেয়া হল তখনই কলকাতা সব ফাঁকা হতে শুরু হলো।

এর আগে জনপ্রিয় অভিনেত্রী শাওন হোম কোয়ারেন্টিনে গেছেন। গায়ক ও অভিনেতা তাহসান খানও হোম কোয়ারেন্টিনে রয়েছেন।

সুত্র-যুগান্তর

হোম কোয়ারেন্টিনে টালিউড তারকা মিমি ও জিৎ

ভারতীয় বাংলা চলচ্চিত্রের হালের দুই খ্যাতিমান তারকা মিমি ও জিৎ শুটিং শেষ না করেই লন্ডন থেকে ফিরে স্বেচ্ছা কোয়ারেন্টিনে চলে গেছেন।

কলকাতায় একজন করোনাভাইরাসে আক্রান্তের খবর পাওয়ার পর থেকেই সেই আতঙ্ক বেড়ে গেছে কয়েক গুণ। খবর আনন্দবাজার পত্রিকার।

এর মধ্যেই শুটিং বন্ধ করে তড়িঘড়ি কলকাতায় ফিরেছেন টলিউডের অভিনেতা জিৎ ও অভিনেত্রী তথা সাংসদ মিমি।

লন্ডনে শুটিং করতে গিয়ে শোনেন সতর্কতার জন্য বিদেশি বিমান ভারতে আসার ক্ষেত্রে বাধা দেয়া হয়েছে, এ কারণে তাই দ্রুত দেশে ফিরেছেন তারা।

বুধবার সকালেই কলকাতায় ফিরেছেন তারা। দুজনেই আপাতত আইসোলেশনে থাকবেন।

কলকাতা বিমানবন্দরে নেমেই মিমি জানিয়েছেন, তিনি আপাতত তার কোনো আত্মীয়ের সঙ্গে দেখা করবেন না।

তার বাবার বয়স ৬৫। তাই বাবা-মায়ের সঙ্গেও দেখা করবেন না তিনি। এ কারণেই থাকবেন সেলফ আইসোলেশনে।

মিমি ও জিৎ দুজনেই জানান, লন্ডনে তাদের শুটিং করতে কোনো অসুবিধা হয়নি। তবে হিথরো কিংবা দুবাই বিমানবন্দর এত খালি আগে কখনও দেখেননি বলেও জানান তারা।’

ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, ইয়োরোপিয়ান ইউনিয়নের সদস্য দেশগুলো থেকে কোনো ব্যক্তি ১৮ মার্চের পর আর ভারতে ফিরে আসতে পারবে না।

পুনরায় দেশে ফিরতে হলে অপেক্ষা করতে হবে আগামী ৩১ মার্চ পর্যন্ত। আর সেই জন্যই বাধ্য হয়ে গোটা টিমকে চটজলদি ওই সিদ্ধান্ত নিতে হয়েছে।

যুক্তরাজ্যের বাকিংহামশায়ার, ‘বাজি’ ছবির শুটিং চলছিল। সেখানেই ছিলেন দুজনে। যাওয়ার আগে মাস্ক পরে ছবিও পোস্ট করেছিলেন মিমি।

এদিকে কলকাতায় প্রথম একজনের করোনা আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে।

সুত্র-যুগান্তর

১৮ মার্চ থেকে দেশের সব সিনেমা হল বন্ধ

১৮ মার্চ-২ এপ্রিল পর্যন্ত দেশের সব সিনেমা হল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রদর্শক সমিতি।

সোমবার বিকাল সাড়ে ৫টায় বাংলাদেশ চলচ্চিত্র প্রদর্শক সমিতি আনুষ্ঠানিকভাবে এ সিদ্ধান্ত জানিয়েছে। তবে সিনে মাল্টিপ্লেক্সগুলো এর আওতার বাইরে থাকবে।

সমিতির উপদেষ্টা মিয়া আলাউদ্দিন বলেন, ‘করোনা থেকে বাঁচতে সরকার

ইতিমধ্যেই শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেছে। প্রেক্ষাগৃহও জনসমাগমের একটি জায়গা। জনসচেতনতায় তাই এগুলো বন্ধের সিদ্ধান্ত হয়েছে।

তিনি আরও বলেন, ‘আমার ব্যক্তিগত মতামত হলো, এই সময় সিনেমাহল বন্ধ রাখা প্রয়োজন। তা ছাড়া এই মুহূর্তে এমনিতেই সিনেমাহলে দর্শক কম। সভায় সবদিক বিবেচনা করেই সিদ্ধান্ত নেওয়া হবে।’

সারা বিশ্বে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সাড়ে ৬ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে। এ ভাইরাসটিতে আক্রান্তের সংখ্যা ১৭১১১২ জন।

এ ভাইরাসটিতে বাংলাদেশে ইতিমধ্যে ৮ জন শনাক্ত হয়েছেন। যাদের সবাই বিদেশফেরত ও তাদের দ্বারা সংক্রমিত হয়ে।

করোনা ঝুঁকি থাকায় দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান ৩১ মার্চ পর্যন্ত বন্ধের ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। এর পরপরই চলচ্চিত্রের এই সংগঠন হল বন্ধের সিদ্ধান্ত নেয়।

সুত্র-যুগান্তর

শাহরুখ খানের সঙ্গে একই সিনেমায় আরিফিন শুভ!

বলিউড কিং শাহরুখ খানের সঙ্গে নাকি একই সিনেমায় অভিনয় করতে যাচ্ছেন বাংলাদেশের অভিনেতা আরিফিন শুভ! এমন খবরই এখন শোনা যাচ্ছে চলচ্চিত্রপাড়ায়।

সম্প্রতি শাহরুখ খানের ইনস্টাগ্রাম হ্যান্ডেলে পোস্ট করা একটি ছবির নিচে কমেন্ট করে এক ভারতীয় ভক্ত তাকে বড় পর্দায় ফিরে আসার অনুরোধ করেন।

তবে শাহরুখ সেই ভক্তকে কোনো জবাব না দিলেনও আরিফিন শুভ বলেন, ‘আর মাত্র দুই মাস।’

শাহরুখ ভক্তকে শুভর জবাব দেয়ার পর থেকেই বিষয়টি গুঞ্জনের ডালপালা মেলেছে বাংলাদেশে। শুভর ভক্তরাও বেশ নড়েচড়ে বসেছেন।

অনেকের প্রশ্ন– তা হলে কি শাহরুখের প্রত্যাবর্তনের সেই সিনেমার সঙ্গে শুভ সম্পৃক্ত?

শুভর একটি ঘনিষ্ঠ সূত্রও দাবি করছে, শাহরুখ খানের সঙ্গে পর্দা ভাগাভাগি করবেন বাংলাদেশের জাতীয় চলচ্চিত্র পুরস্কার পাওয়া অভিনেতা আরিফিন শুভ।

এ ছাড়া ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে শুভর মুম্বাই সফর কেন্দ্র করে গুঞ্জন আরও শক্ত হয়। ওই সময় শুভ সামাজিক যোগাযোগমাধ্যমে একটি ছবি আপলোড করে জানিয়েছিলেন, ‘খুব আকর্ষণীয় কিছু শিগগিরই আসছে। এমন কিছু যা আপনি বলিউডে কখনও দেখেননি।’

শুভ প্রথমে ‘বলিউড’ লিখলেও সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনার পর বলিউড শব্দটাকে টালিউড করেছিলেন।

এদিকে সম্প্রতি একটি অনলাইন পোর্টালে আরিফিন শুভর বলিউডে অভিনয় নিয়ে খবর প্রকাশ করে।

সেই সময় শুভর একটি ঘনিষ্ঠ সূত্র জানিয়েছিল, শিগগিরই বলিউডের কোনো সিনেমায় চুক্তিবদ্ধ হবেন তিনি।

অবশেষে সেই সূত্রটি নিশ্চিত করেছে, গত ১৭ ফেব্রুয়ারি শুভ মুম্বাইয়ের সেই সিনেমায় চুক্তিবদ্ধ হয়েছেন। এখনই সেই কাজের খবর প্রকাশ করতে চাইছেন না তিনি।

তবে ছবিটি পরিচালনা কে করবেন এবং এখানে আর কে অভিনয়ে থাকছেন সে বিষয়ে কোনো তথ্য নিশ্চিত হওয়া যায়নি।

সুত্র-যুগান্তর

সিনেমায় ধূমপান করে বিপাকে শাকিব খান, আইনি নোটিশ

সিনেমায় ধূমপান করে বিপাকে পড়তে যাচ্ছেন ঢাকাই ছবির চিত্রনায়ক শাকিব খান ও তার সদ্য মুক্তিপ্রাপ্ত ‘শাহেন শাহ’ সিনেমার সংশ্লিষ্টরা।

ছবির কয়েকটি দৃশ্যে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ভঙ্গ করা হয়েছে জানিয়ে তার ব্যবস্থা গ্রহণ করতে চার সচিবসহ মোট পাঁচ জনকে আইনি নোটিশ পাঠিয়েছেন আদালত।

সে নোটিশের অনুলিপি পাঠানো হয়েছে ‘শাহেন শাহ’ সিনেমার পরিচালক ও প্রযোজক সংস্থার কাছেও।

বাংলাদেশ ক্যানসার সোসাইটি, মাদকবিরোধী সংগঠন ‘প্রত্যাশা’ এবং পপুলেশন ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (পিডিও) পক্ষে বুধবার রেজিস্ট্রি ডাকযোগে এ নোটিশ পাঠান সুপ্রিমকোর্টের আইনজীবী মনিরুজ্জামান লিংকন।

নোটিশ গ্রহীতারা হলেন- স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয়ের সচিব এবং বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের চেয়ারম্যান।

নোটিশে বলা হয়েছে, সম্প্রতি মুক্তিপ্রাপ্ত শাকিব খান অভিনীত ‘শাহেন শাহ’ চলচ্চিত্রের একাধিক দৃশ্যে ধূমপানের দৃশ্য রয়েছে। কিন্তু এসব দৃশ্যে কোনো সতর্কবার্তা ব্যবহার করা তো হয়নি বরং নানা নাটকীয় ভঙ্গিতে ধূমপানের দৃশ্যকে আকর্ষণীয় করার চেষ্টা করা হয়েছে। এটি একটি গর্হিত অন্যায়। এতে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ভঙ্গ করা হয়েছে।

তাই ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন-২০০৫ ভঙ্গ করে সিনেমাটিতে কীভাবে ধূমপানের দৃশ্য ধারণ করা হয়েছে এবং তা প্রদর্শনীতে অনুমতি দেয়া হয়েছে সরকার এবং সংশ্লিষ্টদের কাছে তার ব্যাখ্যা চেয়েছেন আদালত।

আগামী ১০ দিনের মধ্যে নোটিশ গ্রহীতাদের প্রয়োজনীয় ব্যবস্থা

গ্রহণ করতে বলা হয়েছে। অন্যথায় এ বিষয়ে প্রতিকার চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হবে বলেও নোটিশে উল্লেখ করা হয়।

সুত্র-যুগান্তর

সৃজিতের সঙ্গে থাকতে ভারতীয় নাগরিকত্ব নেবেন মিথিলা?

সম্প্রতি ভারতীয় গণমাধ্যম জিনিউজকে দেয়া এক সাক্ষাৎকারে বাংলাদেশের অভিনেত্রী রাফিয়াথ রশীদ মিথিলা ভারতীয় নাগরিকত্ব নেবেন কিনা প্রশ্ন করা হয়।

উত্তরে মিথিলা জানিয়েছেন, এসব অনেক জটিল বিষয়। তাই এসব নিয়ে পরে ভাববেন, আপাতত ঠিকঠাক ভিসা পেলেই হবে।

মিথিলার দেয়া সাক্ষাৎকারটি বৃহস্পতিবারই প্রকাশিত হয়। আর এরইমধ্যেই করোনার কারণে ভারতে যাওয়ার সব ধরনের ভিসা আগামী ১৫ এপ্রিল পর্যন্ত বাতিল করেছে মোদি সরকার।

মিথিলা বলেন, আমার আর সৃজিতের একসঙ্গে থাকার পরিকল্পনা রয়েছে। তবে ভারতীয় নাগরিকত্ব খুবই জটিল একটি বিষয়। তাই এখনই ভাবতে চাই না। ১১-১২ বছর সময় লেগে যাবে হয়তো। অনেক আইনি জটিলতা।

‘ভবিষ্যতে দেখা যাবে। তাছাড়া নাগরিকত্ব আদৌ বদলাবো কিনা সিদ্ধান্তও নিইনি। আপাতত ঠিকভাবে ভিসা পেলেই হবে।’
সাক্ষাৎকারে ভারতের বিতর্কিত নাগরিকত্ব সংশোধনী আইন নিয়ে প্রশ্ন করা হয় মিথিলাকে।

এ বিষয়ে অভিনেত্রী বলেন, ধর্মের ভিত্তিতে নাগরিকত্ব দেয়া নিয়ে একটা বিতর্ক রয়েছে। আমি শুধু এটুকুই বলব–ধর্মের ভিত্তিতে কিছুই হওয়া ঠিক নয়।

সুত্র-যুগান্তর